269272 - গির্জার উপরের একটি ফ্ল্যাটে বসবাস করার হুকুম

প্রশ্ন

আমি ও আমার স্ত্রী সিরিয়ার নাগরিক। আমরা সুইডেনে থাকি। এখানে থাকার জন্য বাসা পাওয়া খুবই সংকটপূর্ণ। আমরা ইসলাম মেনে চলি এবং ইসলামের দিকে দাওয়াত দেয়ার চেষ্টা করি। গির্জার সাথে ও গির্জায় যারা আসে তাদের সাথে আমাদের ভাল সম্পর্ক আছে। আমাদের উদ্দেশ্য ছিল এবং এখনো আছে এদের সাথে পরিচিত হওয়ার মাধ্যমে তাদেরকে ইসলামের দিকে দাওয়াত দেয়া। যে কোন খ্রিস্টান লোকের সাথে দেখা হোক কিংবা বৈঠক হোক তাকে সরাসরি কিংবা পরোক্ষভাবে তাকে দাওয়াত দেয়ার চেষ্টা করা হয়...। প্রশ্ন হচ্ছে, গির্জার দ্বিতীয় তলাতে একটি ফ্ল্যাট আছে। সে ফ্ল্যাটের দরজা ও সিঁড়ি গির্জার গেইট ও হলরুম থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন। তারা এ ফ্ল্যাটটি আমাদের কাছে ভাড়া দেয়ার প্রস্তাব দিয়েছেন। তারা সুনিশ্চিতভাবে জানেন যে, আমরা খুবই রক্ষণশীল দ্বীনদার মুসলিম। ফ্ল্যাটটিতে অবশ্য খ্রিস্টান ধর্মের কোন নিদর্শন নেই; যেমন ক্রুশ। এমন একটি ফ্ল্যাটে থাকা কি জায়েয হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আমরা এ প্রশ্নটি আমাদের শাইখ আব্দুর রহমান আল-বার্রাক এর কাছে পেশ করেছিলাম, তিনি বলেন: এ ফ্ল্যাটে থাকা আপনাদের জন্য জায়েয হবে। এমনকি যদি এ ফ্ল্যাটে খ্রিস্টানদের কোন নিদর্শন কিংবা ছবি থাকে তবুও; যেহেতু সেগুলো সরিয়ে ফেলা যায়। সরিয়ে ফেলা না গেলে সেগুলো ঢেকে রাখা যায়।

আল্লাহ্ ভাল জানেন।